# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১০০১

২১. জিহাদ সম্পর্কিত অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১৯. ঘোড়া, ঘোড়দৌড় এবং জিহাদে ব্যয় করার ফযীলত

بَاب مَا جَاءَ فِي الْخَيْلِ وَالْمُسَابَقَةِ بَيْنَهَا وَالنَّفَقَةِ فِي الْغَزْوِ

আরবী

وَحَدَّثَنِي عَنْ مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّهُ سَمِعَ سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ يَقُولُ لَيْسَ بِرِهَانِ الْخَيْلِ بَأْسٌ إِذَا دَخَلَ فِيهَا مُحَلِّلٌ فَإِنْ سَبَقَ أَخَذَ السَّبَقَ وَإِنْ سُبِقَ لَمْ يَكُنْ عَلَيْهِ شَيْءٌ

বাংলা

রেওয়ায়ত ৪৬. ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ)-কে বলিতে শুনিয়াছেন, তিনি বলিতেনঃ ঘোড়দৌড়ে কোন কিছুর শর্ত করায় দোষ নাই তবে শর্ত হইল, ইহাদের মধ্যে তৃতীয় এক ব্যক্তি হইতে হইবে। সে যদি সকলের আগে যাইতে পারে শর্তকৃত বস্তু সে-ই নিয়া যাইবে। আর পিছনে পড়িয়া গেলে সে কিছুই পাইবে না।[1]

## English

Yahya related to me from Malik that Yahya ibn Said heard Said ibn al-Musayyab say, "There is no harm in placing stakes on horses if a third horse enters it. The winner takes the stake, and there is no fine against the loser."

ফুটনোট

[1] একজনের তরফ হইতে বাজি ধরা বা বাজি ছাড়া ঘোড়দৌড় জায়েয। উভয় তরফ হইতে বাজি ধরা যেমন দুই জনের যে ব্যক্তি হারিয়া যাইবে তাহাকে বাজির টাকা আদায় করিতে হইবে আর যে প্রথম হইবে সে ঐ টাকা পাইবে— এই ধরনের শর্তযুক্ত বাজি জায়েয নহে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73897

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন